

2023

ELECTIVE BENGALI

Full Marks : 100

Pass Marks : 33

Time : Three hours

All questions are compulsory.

Question Nos. 1, 2, 3 and 4 are multiple choice type.

Answer these questions by choosing the correct or best one from the given alternatives.

- ১। 'রুদ্র নিদাঘ ছালায় যেথা তপের-আগুন মন্তরে ?' – 'নিদাঘ' শব্দের অর্থ – ১
- (ক) গ্রীষ্মকাল ।
- (খ) বর্ষাকাল ।
- (গ) শরৎকাল ।
- ২। 'কৃষ্ণচন্দ্রের মনোরঞ্জন করতে বাধ্য না হলে তিনি বিদ্যাসুন্দর রচনা করতেন না,' – 'বিদ্যাসুন্দর' রচনা করেছিলেন – ১
- (ক) বিজয় গুপ্ত ।
- (খ) মুকুন্দরাম চক্রবর্তী ।
- (গ) ভারতচন্দ্র রায় ।
- ৩। ত্রিপুরা রাজ্যের যুবরাজের নাম ছিল – ১
- (ক) অমরমাগিক্য ।
- (খ) চন্দ্রমাগিক্য ।
- (গ) ইন্দ্রকুমার ।

- ৪। মা যখন মারা গেলেন তখন কেটির বয়স ছিল –
- (ক) তেরো বছর ।
- (খ) চোদ্দ বছর ।
- (গ) পনেরো বছর ।
- ৫। ‘যদি হুংপিও শুধু হতাশার উদ্ভক বাজায়,’ – ‘উদ্ভক’ কী ?
- ৬। ‘বর্তমানের কবি আমি ভাই, ভবিষ্যতের নই ‘নবী’ – ‘নবী’ শব্দের অর্থ কী ?
- ৭। ‘ইহার মধ্যে কৈকেয়ীর কার্য স্বার্থপর এবং নৃশংস বলিয়া চিরপরিচিত ।’ – ‘কৈকেয়ী’ কে ?
- ৮। জগৎ বিখ্যাত ভাস্কর রোড্রো কোন্ দেশের লোক ?
- ৯। “আমার ভাই হামচু রয়েছে সৈন্যেরা তাকেই রাজা করবে ।” – হামচু কার ভাই ?
- ১০। হেমাঙ্গিনীর স্বামীর নাম কী ছিল ?
- ১১। কারণ ও কার্যের বৈষম্য দেখা দিলে কিম্বা বিসদৃশ বস্তুর একত্র সমাবেশ হলে কী অলঙ্কার হয় ?
- ১২। ‘মোর মন পোড়ে জেহু কুম্বারের পণী ।’ – কে কার উদ্দেশ্যে কথাগুলো বলেছেন ?
- ১৩। ‘তুমি আর কেঁদো নাকো উড়ে উড়ে ধানসিঁড়ি নদীটির পাশে ।’ – কে কাকে কাঁদতে নিষেধ করেছেন ?
- ১৪। ‘পেঙ্গুইনের পঙ্গুদলে বিস্ত্র ভাবে রয় চেয়ে,’ – পংক্তিটি কোন কবিতার অন্তর্গত ? পেঙ্গুইন কী ?
- ১৫। ‘সংক্ষেপে বলিতে গেলে, মানুষ দুই শ্রেণীতে বিভক্ত’ – শ্রেণী দু’টি কী কী ?
- ১৬। ‘সরস্বতীকে কিণ্ডারগার্টেনের শিক্ষয়িত্রীতে পরিণত করবার জন্যে যতদূর শিক্ষা বাতিকগ্রস্ত হওয়া দরকার, আমি আজও ততদূর হতে পারিনি ।’ – কিণ্ডারগার্টেন স্কুল প্রথম কোন্ দেশে স্থাপিত হয় ? কিণ্ডারগার্টেন স্কুলে কাদের পড়ানো হয় ?
- ১৭। ‘ধরিবা মাত্র সাপটি সগর্জনে তাহার ডান হাতে একটা ছোবল বসাইয়া দিল ।’ – সাপটি কোন প্রজাতির ? সাপটি কার ডান হাতে ছোবল দিয়েছিল ?
- ১৮। ‘তোমার তীর সকলের আগে ছোটে এবং নির্ঘাত গিয়ে লাগে – তোমার সঙ্গে পেরে উঠবে কে !’ – কে কার সম্পর্কে একথা বলেছেন ?
- ১৯। ‘ক্ষত্র হতে যুদ্ধ করে মজুররা, দূরে থেকে যে যুদ্ধ করতে পারে সেই যোদ্ধা ।’ – কে কাকে কথাগুলো বলেছেন ?
- ২০। ‘অনতিপূর্বেই মায়াকামা কাঁদার অপরোধে বকুনি খাইয়াছিল ।’ – কে কার বকুনি খেয়েছিল ?

- ২১। 'বাড়ি নইয়া গিয়া বড়কর্তা চোবের শাস্তি শুরু করিলেন ।' – বড়কর্তা কে ? কাকে চোর বলা হয়েছে ? ২
- ২২। বাংলা ছন্দে পর্ব কাকে বলে ? ২
- ২৩। উৎপ্রেক্ষা অলঙ্কারের সংজ্ঞা লেখ । ২
- ২৪। 'হাসিয়া ক্ষত্রিয় যত করে উপহাস ।
অসম্ভব কার্যে দেখি দ্বিজের প্রয়াস ॥'
– দ্বিজ কে ? তিনি কী অসম্ভব কার্য সম্পাদনে প্রবৃত্ত হয়েছিলেন ? ৩
- ২৫। 'তীরে যখন তোমার নাম লেখা আছে তখন তোমাকে পুরস্কার দিতেই আমি বাধ্য ।' – উক্তিটি কার ? তীরে কার নাম লেখা ছিল ? প্রতিযোগিতায় বিজয়ীর জন্য কী পুরস্কার ঘোষণা করা হয়েছিল ? ৩
- ২৬। 'যা মিথ্যা হওয়া উচিত ছিল এক এক সময় তাও সত্য হয়ে ওঠে । আমি দেখতে পাচ্ছি আল্লার দূতেরা এক এক সময় ঘুমিয়ে পড়ে, শয়তান তখন সমস্ত হিসাব উল্টা করে দিয়ে যায় ।' – কে কোন প্রসঙ্গে উক্তিটি করেছেন ? ৩
- ২৭। 'এ হাতির খোরাক নিত্য যোগাতে গেলে যে আমাদের আড়ত খালি হয়ে যাবে ।' – বক্তা কে ? প্রসঙ্গ উল্লেখপূর্বক বক্তব্যটি বিশদ কর । ৩
- ২৮। 'কাল দুপুরবেলা তাকে তাগাদা করতে পাঠিয়েছিল গয়লাদের কাছে,' – কাকে তাগাদা করতে পাঠানো হয়েছিল ? প্রাপ্ত টাকা দিয়ে সে কী করেছিল ? এর ফল কী হয়েছিল ? ৩
- ২৯। উদাহরণ সহ ব্যঞ্জস্বতি অলঙ্কারের সংজ্ঞা লেখ । ৩
- ৩০। বাংলা ছন্দে যতি কাকে বলে ? যতি কয় প্রকার ও কী কী ? ৩
- ৩১। 'কিন্তু যে লোকটা বাহুল্য, মানুষ তাঁহাকে ভালোবাসে' – ভালোবাসার কারণ কী ? ৪
- ৩২। 'সব্বাইকে ধরে পাগলা-গারদে পুরন আপনি হজুর ।' – কে কাকে কেন একথা বলেছে ? ৪
- ৩৩। সংক্ষিপ্ত পরিচয় দাও : কনিষ্ঠ রাজকুমার রাজধর । ৪
- ৩৪। 'এর মধ্যে একটা রহস্য আছে । শিলা কখনো জলে ভাসে না, বানরে কখনো সংগীত গায় না ।' – কার উক্তি ? প্রসঙ্গ উল্লেখ পূর্বক উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর । ৪
- ৩৫। উপমা অলঙ্কারের সংজ্ঞা লিখ । উপমেয় এবং উপমান কাকে বলে উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও । ৪
- ৩৬। কপোতাক্ষ নদ সম্পর্কে কবি হৃদয়ের উপলব্ধির পরিচয় দাও । ৮
- ৩৭। ভালবাসার অত্যাচার নিবারণ সম্পর্কে বঙ্কিমচন্দ্রের অভিমত নিজের ভাষায় আলোচনা কর । ৮
- ৩৮। মেজদিদি উপন্যাসের কেউ চরিত্রটি বিশ্লেষণ কর । ৮